



31 JUL 2008
20

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. গোলাম মাওলা অপসারিত

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

অকশেপে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম মাওলাকে অপসারণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব (বিশ্ববিদ্যালয়-২) মো. রইছ উদ্দিন স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি চিঠি গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ে এসে পৌঁছেছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মুন্সির রহমান মজুমদার প্রথম আলোকে বিষয়টি নিশ্চিত করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়, জনস্বার্থে উপাচার্য অধ্যাপক ড. গোলাম মাওলাকে অব্যাহতি দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন ও গণিত বিভাগের প্রধান অধ্যাপক ড. এম জুলফিকার আলীকে ভারপ্রাপ্ত উপাচার্যের দায়িত্ব দেওয়া হয়।

অধ্যাপক ড. গোলাম মাওলা ২০০৬ সালে চার বছরের জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন। ইতিমধ্যে তাঁর বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে। ড. গোলাম মাওলা বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালকও ছিলেন।

অধ্যাপক ড. এম জুলফিকার আলী বলেন, এরপর গঠা ১৯ জুলাই ৩

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

শেষ পৃষ্ঠার পর

আমি এখনো চিঠি পাইনি। তবে ওনেছি আমাকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে উপাচার্যের দায়িত্ব দেওয়া হয়েছে।

দায়িত্ব থেকে অব্যাহতি পাওয়া উপাচার্য অধ্যাপক ড. গোলাম মাওলা মোবাইল ফোনে কয়েক দফা যোগাযোগের চেষ্টা করেও তাঁর বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।